কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৭৯৬ তারিখঃ ২১-০৩-২০২৪খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ০৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (মার্চ ,২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২৫-০৩-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পৃষ্ঠা।

২১/০৩/২০২৪
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail: repon303@yahoo.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)” শীর্ষক প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৮। কর্মসূচি পরিচালক, রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাসুদ করিম
মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সময় : বেলা ২.০০ ঘটিকা।

তারিখ : ০৫ মার্চ, ২০২৪ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপপরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপপরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়-১.** গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

১৪/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ২৫/০২/২০২৪ তারিখে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করা হয়েছে। বিতরণকৃত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্যে ২০২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ২০০.৮০ কোটি টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ২৮৪.৪৮ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ৮২.৯৯ কোটি (৪১.৩২%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ৩২.২২ কোটি (১৬.০৪%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১৪২.২৪ লক্ষ (৫০%) টাকা ছাড় করা হয় এবং ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ৭৭.৯৮ লক্ষ (২৭.৪১%) টাকা ব্যয় করা হয়। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প ও কর্মসূচি'র অগ্রগতি মন্ত্রণালয়ের অগ্রগতির চেয়ে কম এবং অর্থ বছরের প্রায় ০৮ (আট) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১, তারিখঃ ০২/০৭/২০২৩ এর জারিকৃত পরিপত্র মোতাবেক ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন।

## ২.২ প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ

২০২৩-২৪ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত সময় পর্যন্ত প্রকল্প ও কর্মসূচি ভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব (কোটি টাকায়) নিম্নে উপস্থাপন করা হলো।

**ক) প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ** (ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৪৪.৪৯ | ১০.৬৫ | ৩৩.৮৪ | ২১.৮০ (৪৯.০০%) | ৭.৯৫ (৭৪.৬৫%) | ১৩.৮৫ (৪০.৯৩%) | ১১.৫৪ (২৫.৯৪%) | ৩.৬১ (৩৩.৯০%) | ৭.৯৩ (২৩.৪৩%) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ২ | এসডিএএমপি | ৮৯.০৮ | ৮৯.০৮ | ০ | ১৯.৬২ (২২%) | ১৯.৬২ (২২%) | ০ | ৮.৯৭ (১০.০৭% | ৮.৯৭ (১০.০৭% | ০ | ঐ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ৮.৮২ | ৮.৮২ | ০ | ৬.৫৯ (৭৪.৭২%) | ৬.৫৯ (৭৪.৭২%) | ০ | ৪.৭০ (৫৩.২৯%) | ৪.৭০ (৫৩.২৯%) | ০ | গড় অগ্রগতির চেয়ে বেশি |
| ৪ | আলুর প্রকল্প | ২৩.৪৬ | ২৩.৪৬ | ০ | ১৭.৪৮ (৭৪.৫৬%) | ১৭.৪৮ (৭৪.৫৬%) | ০ | ৫.৬০ (২৩.৮৮%) | ৫.৬০ (২৩.৮৮%) | ০ | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ৩৫.০০ | ১৩.০০ | ২২.০০ | ১৭.৫০ (৫০%) | ৬.৫০ (৫০.০%) | ১১.০০ (৫০%) | ১.৪১ (৪.০৩%) | ০.৩২ (২.৪৬%) | ১.০৯ (৪.৯৫%) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে কোন অর্থ বরাদ্দ নেই। | | | | | | | | | |
| | **সর্বমোট** | **২০০.৮৫** | **১৪৫.০১** | **৫৫.৮৪** | **৮২.৯৯ (৪১.৩২%)** | **৫৮.১৪ (৪০.১০%)** | **২৪.৮৫ (৪৪.৫০%)** | **৩২.২২ (১৬.০৪%)** | **২৩.২০ (১৬.০০%)** | **৯.০২ (১৬.১৫%)** | |

(কোটি টাকায়)

**খ) কর্মসূচিভিত্তিক বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ** (ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত)

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৩-২৪ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ২৪৮.৪৮ | ২৪৮.৪৮ | ০ | ১২৪.২৪ (৫০%) | ১২৪.২৪ (৫০%) | ০ | ৬২.৯৯ (২৫.৩৫%) | ৬২.৯৯ (২৫.৩৫%) | ০(%) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ৩৬.০০ | ৩৬.০০ | ০ | ১৮.০০ (৫০%) | ১৮.০০ (৫০%) | ০ | ১৪.৯৯ (৪১.৬৭%) | ১৪.৯৯ (৪১.৬৭%) | ০ | গড় অগ্রগতির চেয়ে বেশি |
| | **সর্বমোট** | **২৮৪.৪৮** | **২৮৪.৪৮** | **০** | **১৪২.২৪** | **১৪২.২৪** | **০** | **৭৭.৯৮** | **৭৭.৯৮** | **০(%)** | |

**২.৩ দরপত্র পর্যালোচনাঃ**

২০২৩-২৪ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে মোট ৭৮টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ৪৩ টি (৫৫.১৩%) দরপত্র আহবান করা হয় তন্মধ্যে ৩৬ টি (৪৬.১৫%) কার্যদেশ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে আরএফকিউ পদ্ধতিতে মোট ১৬টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ১৪টি (৮৭.৫০%) দরপত্র আহবান করা হয়েছে এবং ১৩টি (৮১.২৫%) কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ২টি কর্মসূচি'র অনুকুলে ২ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ হয় এবং ১টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়। আরএফকিউ পদ্ধতিতে মোট ৫ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত কোনো দরপত্র আহবান করা হয়নি।

কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ)(২য় পর্যায়) ১৫টি দরপত্র এবং ০৩টি কোটেশনের মধ্যে সবগুলোরই কার্যাদেশ প্রদান এবং কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্পের ০৯টি দরপত্রের মধ্যে ০৮টি এবং ০১টি কোটেশনের মধ্যে ০১টির কার্যাদেশ প্রদান করায় সভাপতি উভয় প্রকল্পের প্রকল্প পরিচালকদের ধন্যবাদ দেন।

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ(ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ১৫ | ১৫ | ১৫ | ৩ | ৩ | ৩ | সন্তোষজনক |
| ২ | এসডিএএমপি | ৪ | ১ | ০ | ৭ | ৫ | ৪ | সন্তোষজনক নয় |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৯ | ৮ | ৮ | ১ | ১ | ১ | সন্তোষজনক |
| ৪ | আলুর প্রকল্প | ২৩ | ৯ | ৫ | ৩ | ৩ | ৩ | সন্তোষজনক নয় |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ২৭ | ১০ | ৯ | ২ | ২ | ২ | সন্তোষজনক নয় |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১০ | ২ | ০ | ৭ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| | **সর্বমোট** | **৮৮** | **৪৫** | **৩৭** | **২৩** | **১৪** | **১৩** | |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ (ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | সন্তোষজনক |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ১ | ০ | ০ | ৫ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| | **সর্বমোট** | **২** | **১** | **১** | **৫** | **০** | **০** | |

**৩. প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের চলমান সকল প্রকল্পের প্রকল্প পরিচালককে ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্নকরণ এবং ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে শতভাগ বাস্তবায়ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) এর আওতায় উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে ওয়ার্কসপ, বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস বিষয়ক কৃষক প্রশিক্ষণ, পোস্টহারভেস্ট প্রাইমারী প্রসেসিং বিষয়ক কৃষক প্রশিক্ষণ ও উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। একই সাথে উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাইকরণ প্রক্রিয়া স্বচ্ছতার সাথে করার জন্য তাগিদ প্রদান করেন।

কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের আওতায় কুড়িগ্রামের খাস জমি বন্দোবস্তের জন্য কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের বিষয়ে যোগাযোগ পূর্বক দ্রুত কার্যক্রম সম্পন্ন এবং প্রকল্পের আওতায় যে ০৫ (পাঁচ)টি জেলায় নির্মাণ কাজ সমাপ্তের পথে সেসকল জেলায় নির্মাণ কাজ বিওকিউ অনুসারে সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণকে নির্মাণ কাজ তদারকি করার জন্য সভায় আলোচনা করা হয়।

কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত ২০২৩-২০২৪ অর্থবছরে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করা এবং পেঁয়াজ মৌসুমে সর্বাধিক সংখ্যক ঘরে পেঁয়াজ সংরক্ষণ নিশ্চিত করা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ডাইরী মেইনটেইন করে নির্মাণ কাজ তদারকি করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, অহিমায়িত মডেল ঘর ও ঘর সংশ্লিষ্ট প্রদর্শনী বোর্ড এবং প্রশিক্ষণ সংখ্যা বৃদ্ধি পূর্বক অনুমোদিত ব্যয়ের ১৪.৯১% বৃদ্ধি করে পরিকল্পনা কমিশনের সুপারিশ অনুযায়ী ২০২২ সালের রেট সিডিউল মোতাবেক প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য কৃষি বিপণন অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সভাপতির জানান, কৃষি মন্ত্রণালয়ের আওতায় "আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প" টি সময়োপযোগী একটি প্রকল্প। তিনি ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল দরপত্র আহবান ও বরাদ্দ অনুযায়ী কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন।

পার্টনার (বিপণন অংগ) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম যৌথভাবে কৃষি বিপণন অধিদপ্তরের সাথে বাস্তবায়নের নিমিত্ত ফার্মার্স হাব (Farmers' Hub) নির্মাণের লক্ষ্যে Syngenta foundation ও কৃষি বিপণন অধিদপ্তরের মধ্যে Letter of Agreement (LoA) স্বাক্ষরের সম্মতি প্রদানের নিমিত্ত খসড়া LoA কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া স্টেকহোল্ডার কর্মশালা, মাল্টি-স্টেকহোল্ডার প্লাটফর্ম (এমএসপি), মার্কেট ইন্টিগ্রেশন সেবা ক্রয় এবং বাজার কারবারীদের বিজনেস স্কুল বিষয়ক কার্যক্রম দ্রুত শেষ করতে সভায় আলোচনা করা হয়।

শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি অনুযায়ী কর্ম পরিকল্পনা, অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্তি, পণ্য ও সেবা ক্রয় পরিকল্পনা অনুযায়ী আর্থিক ও ভৌত অগ্রগতি সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ এবং আরএডিপি মোতাবেক অর্থব্যয় শতভাগ নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে পণ্য সামগ্রী গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | (ক) উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে ওয়ার্কসপ, বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস বিষয়ক কৃষক প্রশিক্ষণ, পোস্টহারভেস্ট প্রাইমারী প্রসেসিং বিষয়ক কৃষক প্রশিক্ষণ ও উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাইকরণ প্রক্রিয়া স্বচ্ছতার সাথে করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৪.২ | (ক) কুড়িগ্রামের খাস জমি বন্দোবস্তের জন্য কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের বিষয়ে যোগাযোগপূর্বক দ্রুত কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রকল্পের আওতায় যে ০৫ (পাঁচ)টি জেলায় নির্মাণ কাজ সমাপ্তের পথে সেসকল জেলায় নির্মাণ কাজ বিওকিউ অনুসারে সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণকে নির্মাণ কাজ তদারকি করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। |
| ৪.৩ | (ক) প্রকল্পের আওতায় নির্মিত ২০২৩-২০২৪ অর্থবছরে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে<br>(খ) পেঁয়াজ মৌসুমে সর্বাধিক সংখ্যক ঘরে পেঁয়াজ সংরক্ষণ নিশ্চিত করা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ডাইরী মেইনটেইন করে নির্মাণ কাজ তদারকি করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৪ | (ক) পরিকল্পনা কমিশনের সুপারিশ ও কৃষি মন্ত্রণালয়ের পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২২ সালের রেট সিডিউল মোতাবেক অহিমায়িত মডেল ঘর সংখ্যা বৃদ্ধি পূর্বক প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের করতে হবে।<br>(খ) ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল দরপত্র আহবান ও বরাদ্দ অনুযায়ী কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প পরিচালক আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প । |
| ৪.৫ | (ক) পার্টনার (বিপণন অংগ) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম যৌথভাবে কৃষি বিপণন অধিদপ্তরের সাথে বাস্তবায়নের নিমিত্ত ফার্মার্স হাব নির্মাণের লক্ষ্যে Syngenta foundation ও কৃষি বিপণন অধিদপ্তরের মধ্যে Letter of Agreement (LoA) স্বাক্ষরের সম্মতি প্রদানের নিমিত্ত খসড়া LoA, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে।<br>(খ) প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনানুযায়ী স্টেকহোল্ডার কর্মশালা, মাল্টি-স্টেকহোল্ডার প্লাটফর্ম (এমএসপি), মার্কেট ইন্টিগ্রেশন সেবা ক্রয় এবং বাজার কারবারীদের বিজনেস স্কুল বিষয়ক কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | এজেন্সি প্রোগ্রম ডিরেক্টর পার্টনার প্রকল্প (বিপণন অংগ) |
| ৪.৬ | ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি অনুযায়ী কর্ম পরিকল্পনা, অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্তি, পণ্য ও সেবা ক্রয় পরিকল্পনা অনুযায়ী আর্থিক ও ভৌত | প্রকল্প পরিচালক শস্য গুদাম আধুনিকীকরণ ও |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | অগ্রগতি সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ এবং আরএডিপি মোতাবেক অর্থব্যয় শতভাগ নিশ্চিত করতে হবে। | ডিজিটালাইজেশন প্রকল্প |
| ৪.৭ | ২০২৩-২৪ অর্থ বছরে কর্মপরিকল্পনা ও পিপিএনবি অনুযায়ী দ্রুততার সাথে কার্যক্রম শেষ করতে হবে। কর্মসূচির আওতায় সম্পাদিত কার্যক্রমের মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | কর্মসূচি পরিচালক (সকল) |
| ৪.৮ | ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে শতভাগ বাস্তবায়ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৩/২০২৪

মোঃমাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর